

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া, পাবনা।

স্মারক নং- ০৫.৪৩.৭৬১৬.০০০.২০.২১.২০১৯- ১২৭৬

তারিখ- ১৬/০৯/২০১৯ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৬.২০১৫-৭৪৬ নং স্মারকের ছাড়পত্র এবং একই মন্ত্রণালয়ের ৩০ নভেম্বর ২০১০ তারিখে জারিকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ মোতাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেড়া, পাবনার কার্যালয়ে রাজস্ব খাতে সৃজিত অফিস সহায়ক পদে অস্থায়ী ভাবে পূরণের জন্য পাবনা জেলার প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	বেতন স্কেল
০১	অফিস সহায়ক	০১ (এক)	অনধিক ৩০ (ত্রিশ) বৎসর	অষ্টম শ্রেণী	৮,২৫০.০০-১০,০১০.০০ (জাতীয় বেতন স্কেল ২০১৫, এর ২০ নং গ্রেড)

শর্তাবলি:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবরে আবেদন করতে হবে এবং উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনার কার্যালয়ে ১৭/১০/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে।

০৩। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১৭/১০/২০১৯ ইং তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা যদি থাকে (ঠ) বিশেষ কোটায় প্রার্থী হলে কোটার নাম ইত্যাদি উল্লেখ করতে হবে।

০৪। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান হলে, সে ক্ষেত্রে তাকে তার পিতা মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৫। প্রার্থীকে পরীক্ষার ফিস বাবদ যে কোন তপশীল ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনার অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের সকল বিধি বিধান অনুসরণ করা হবে।

০৭। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করতে হবে।

০৮। নিয়োগ প্রাপ্ত হলে প্রথম ছয় মাস শিক্ষানবীশ হিসাবে ও অস্থায়ী ভিত্তিতে কর্মরত থাকতে হবে।

০৯। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি ছবি, সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সকল সনদ (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ও প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

১০। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন প্রকারে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর সময় আগামী ১৭/১০/২০১৯ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।

১১। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।


১২। চাকরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পাঠাতে হবে।

১৩। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম লিখতে হবে।

১৪। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


আসিফ আনাম সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা।

E-mail: unobera@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬১৬.০০০.২০.২১.২০১৯-১১৭৩/১(৫০)

তারিখ- ২৬/০৯/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-

- ১। জেলা প্রশাসক, পাবনা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, ৫ম তলা, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। উপজেলা.....কর্মকর্তা (সকল), বেড়া, পাবনা। নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেড়া, পাবনা।
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তান, বেড়া, পাবনা।
- ৬। চেয়ারম্যান.....ইউ,পি, (সকল) বেড়া, পাবনা। নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য।
- ৭। সহকারী প্রোগ্রামার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেড়া, পাবনা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। নোটিশ বোর্ড অত্রাফিস।
- ৯। অফিস কপি।